গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ১১৬/২০১৮-১৯
ঢাকা, বুধবার ১২ ডিসেম্বর ২০১৮, ২৮ অগ্রহায়ণ ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। টুঙ্গিপাড়া থেকে প্রধানমন্ত্রীর নির্বাচনি প্রচার শুরু আজ

২। নির্বাচনি উত্তাপ যেন উত্তপ্ত না হয় : জুডিশিয়াল ম্যাজিস্ট্রেটদের উদ্দেশে সিইসি

৩। টেকনোক্র্যাটদের চার মন্ত্রণালয়ের দায়িত্ব পুনর্বণ্টন করলেন প্রধানমন্ত্রী

৪। অভিবাসন নিয়ে প্রধানমন্ত্রীর প্রস্তাব জাতিসংঘে গৃহীত

৫। লোকগানের শিল্পী কাঙালিনী সুফিয়ার চিকিৎসার দায়িত্ব নিলেন প্রধানমন্ত্রী

৬। জাতীয় উৎপাদনশীলতা পুরস্কার পেল ১৬ প্রতিষ্ঠান

৭। নির্বাচনে স্বাধীনতার সপক্ষের শক্তির বিজয় হবে : বাণিজ্যমন্ত্রী

৮। বেগম খালেদা জিয়ার প্রার্থিতা নিয়ে দ্বিধাবিভক্ত আদেশ হাইকোর্টের

৯। নির্বাচন সুষ্ঠু করতে যা প্রয়োজন তাই করা হবে : ডিএমপি কমিশনার

১০। বাংলাদেশে সুষ্ঠু ও গ্রহণযোগ্য নির্বাচন দেখতে চায় যুক্তরাষ্ট্র : যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত মিলার

১১। আগামী ২৪ ডিসেম্বর পিইসি, জেএসসি, জেডিসি পরীক্ষার ফল প্রকাশ

১২। রোহিঙ্গাদের জন্য বাংলাদেশে ইইউ'র ৪৭ কোটি টাকার তহবিল

১৩। বাংলাদেশ ব্যাংকের নীতিগত অনুমোদন পেল আরেকটি ব্যাংক

চলমান পাতা-২

১। **টুঙ্গিপাড়া থেকে প্রধানমন্ত্রীর নির্বাচনি প্রচার শুরু আজ**

গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে শ্রদ্ধা নিবেদন ও মাজার জিয়ারতের পর একাদশ জাতীয় সংসদ নির্বাচনের আনুষ্ঠানিক প্রচারে অংশ নেবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এ উপলক্ষে আজ (১২ ডিসেম্বর বুধবার) টুঙ্গিপাড়ায় যাচ্ছেন আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। টুঙ্গিপাড়ায় অবস্থানের পর আগামীকাল (১৩ ডিসেম্বর বৃহস্পতিবার) সড়কপথে ঢাকার উদ্দেশে রওনা হবেন প্রধানমন্ত্রী। ঢাকায় ফেরার পথে ফরিদপুরের ভাঙ্গা মোড়, ফরিদপুর মোড়, রাজবাড়ী রাস্তার মোড়, পাটুরিয়া ঘাট, মানিকগঞ্জ বাসস্ট্যান্ড, ধামরাই রাবেয়া মেডিকেল কলেজ হাসপাতাল প্রাঙ্গণ এবং সাভার বাসস্ট্যান্ডে নির্বাচনি প্রচার কর্মসূচিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা অংশ নেবেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **এশিয়ান এজ** (পৃ.১,ক.২), **অবজারভার** (পৃ.১,ক.৪)।

২। **নির্বাচনি উত্তাপ যেন উত্তপ্ত না হয় : জুডিশিয়াল ম্যাজিস্ট্রেটদের উদ্দেশে সিইসি**

একাদশ সংসদ নির্বাচনে দায়িত্বপ্রাপ্ত জুডিশিয়াল ম্যাজিস্ট্রেটদের উদ্দেশে প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কে এম নূরুল হুদা বলেছেন, নির্বাচনের উত্তাপ ছড়িয়ে পড়েছে। তবে লক্ষ্য রাখতে হবে, উত্তাপ যেন উত্তপ্ত না হয়ে ওঠে। উত্তপ্ত হয়ে নির্বাচনি পরিবেশকে কেউ যেন ব্যাহত না করে। গতকাল (১১ ডিসেম্বর মঙ্গলবার) রাজধানীর আগারগাঁওয়ের নির্বাচন ভবনের অডিটোরিয়ামে জুডিশিয়াল ম্যাজিস্ট্রেটদের ব্রিফিংয়ের দ্বিতীয় দিনের উদ্বোধনী পর্বে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (শেষ পৃ,ক.৪), **সংবাদ** (শেষ পৃ,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৫)।

৩। **টেকনোক্র্যাটদের চার মন্ত্রণালয়ের দায়িত্ব পুনর্বণ্টন করলেন প্রধানমন্ত্রী**

টেকনোক্র্যাট কোটায় নিয়োগ পাওয়া চার মন্ত্রীর পদত্যাগের পর চার মন্ত্রণালয়ের দায়িত্ব বণ্টন করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। প্রধানমন্ত্রী নিজে দু'টি মন্ত্রণালয়ের দায়িত্ব নিয়েছেন এবং আরও দু'জন মন্ত্রীকে অতিরিক্ত হিসেবে দু'টি মন্ত্রণালয়ের দায়িত্ব দেওয়া হয়েছে। গতকাল (১১ ডিসেম্বর মঙ্গলবার ) মন্ত্রিপরিষদ বিভাগ থেকে এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়। প্রজ্ঞাপনে জানানো হয়, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় এবং ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের দায়িত্ব প্রধানমন্ত্রীর হাতেই রাখা হয়েছে। বাকি দুই মন্ত্রণালয়ের মধ্যে প্রবাসী ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের দায়িত্ব দেওয়া হয়েছে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী খন্দকার মোশাররফ হোসেনকে। অতিরিক্ত হিসেবে ধর্ম মন্ত্রণালয়ের দায়িত্ব পেয়েছেন মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **সংবাদ** (শেষ পৃ,ক.১), **অবজারভার** (শেষ পৃ,ক.৭), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৪)।

৪। **অভিবাসন নিয়ে প্রধানমন্ত্রীর প্রস্তাব জাতিসংঘে গৃহীত**

অভিবাসন বিষয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার 'অভিবাসন সংক্রান্ত বৈশ্বিক চুক্তি'র প্রস্তাবনা মরক্কোতে আয়োজিত জাতিসংঘের ১১তম গ্লোবাল ফোরাম অন মাইগ্রেশন এন্ড ডেভেলপমেন্টে গৃহীত হয়েছে। পররাষ্ট্র সচিব মো. শহীদুল হকের নেতৃত্বে বাংলাদেশের একটি প্রতিনিধিদল প্ল্যাটফর্ম ফর ডিজাস্টার ডিসপ্লেসমেন্টের (পিডিডি) আয়োজনে ঐ মিটিংয়ে অংশ নেয়। গতকাল (১১ ডিসেম্বর মঙ্গলবার) পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক তথ্য বিবরণীতে এ কথা জানানো হয়। শহীদুল হক জাতিসংঘের ইন্টারগভর্নমেন্টাল কনফারেন্সের প্লেনারি সভায় জাতীয় বিবৃতি তুলে ধরেন। সেখানে তিনি নিরাপদ, সুশৃঙ্খল এবং নিয়মিত অভিবাসনের জন্য অভিবাসনের বৈশ্বিক চুক্তি গ্রহণ করার আহ্বান জানান। ২০১৬ সালে ইউএনজিএতে এক ভাষণে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ বৈশ্বিক চুক্তির প্রস্তাবনা প্রথম তুলে ধরেছিলেন বলেও জানান তিনি। চুক্তিটি মারাকেশে গৃহীত হয়। বাংলাদেশ এর প্রতি পূর্ণ সমর্থন ব্যক্ত করে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৭), **জনকণ্ঠ** (পৃ.১৪,ক.৬) **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫), **এশিয়ান এজ** (শেষ পৃ,ক.৪)।

৫। **লোকগানের শিল্পী কাঙালিনী সুফিয়ার চিকিৎসার দায়িত্ব নিলেন প্রধানমন্ত্রী**

জনপ্রিয় লোকগানের শিল্পী কাঙালিনী সুফিয়া গুরুতর অসুস্থ। অসুস্থ এ গুণী শিল্পীর পাশে এসে দাঁড়িয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা, নিয়েছেন তাঁর চিকিৎসার দায়িত্ব। গতকাল (১১ ডিসেম্বর মঙ্গলবার) তাঁকে ভর্তি করা হয়েছে রাজধানীর বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় হাসপাতালে (বিএসএমএমইউ)। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.২,ক.১)।

**৬। জাতীয় উৎপাদনশীলতা পুরস্কার পেল ১৬ প্রতিষ্ঠান**

শিল্প কারখানায় উৎপাদনশীলতা ও পণ্যের গুণমান বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতি হিসেবে ১৬ শিল্প ও সেবাপ্রতিষ্ঠান জাতীয় উৎপাদনশীলতা পুরস্কার পেয়েছে। শিল্পমন্ত্রী আমির হোসেন আমু এসব প্রতিষ্ঠানের প্রতিনিধিদের হাতে গতকাল (১১ ডিসেম্বর মঙ্গলবার) পুরস্কার তুলে দেন। রাজধানীর বিয়াম মিলনায়তনে ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড অনুষ্ঠানে শিল্পখাতে বিশেষ অবদানের জন্য পঞ্চমবারের মতো এ পুরস্কার দেওয়া হয়। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.২)।

**৭। নির্বাচনে স্বাধীনতার সপক্ষের শক্তির বিজয় হবে : বাণিজ্যমন্ত্রী**

বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, আগামী নির্বাচনে স্বাধীনতার সপক্ষের শক্তি বিজয়ী হবে। গতকাল (১১ ডিসেম্বর মঙ্গলবার) ভোলার ভেলুমিয়া জৈনপুর হুজুরের মাঠে অনুষ্ঠিত এক পথসভায় বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ এ কথা বলেন। ঐ সভায় তিনি এবারের নির্বাচনকে অতিগুরুত্বপূর্ণ উল্লেখ করে বলেন, এবার সর্বাধিক দলের ও প্রার্থীর অংশগ্রহণে নির্বাচন হচ্ছে। এ সময় তিনি আওয়ামী লীগ সরকারের উন্নয়ন ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকারের সফলতা তুলে ধরেন। সফলতা ধরে রাখতেই দেশের জনগণ পুনরায় আওয়ামী লীগকে ক্ষমতায় দেখতে চায় বলে তিনি উল্লেখ করেন। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.২), **সমকাল** (পৃ.২,ক.৫)।

**৮। বেগম খালেদা জিয়ার প্রার্থিতা নিয়ে দ্বিধাবিভক্ত আদেশ হাইকোর্টের**

বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার তিনটি আসনে (ফেনী-১, বগুড়া ৬ ও ৭) প্রার্থিতা নিয়ে করা রিট আবেদনের ওপর দ্বিধাবিভক্ত আদেশ দিয়েছে হাইকোর্ট। ফলে মামলাটি এখন প্রধান বিচারপতির কাছে যাবে। এরপর তিনি মামলাটির শুনানির জন্য অন্য একটি বেঞ্চ নির্ধারণ করে দেবেন। গতকাল (১১ ডিসেম্বর মঙ্গলবার) বিচারপতি সৈয়দ রেফাত আহমেদ ও বিচারপতি ইকবাল কবিরের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ এ দ্বিধাবিভক্ত আদেশ দেন। বেঞ্চের জ্যেষ্ঠ বিচারপতি সৈয়দ রেফাত আহমেদ রুলসহ খালেদা জিয়ার মনোনয়নপত্র গ্রহণের নির্দেশ দেন এবং নির্বাচন কমিশনের সিদ্ধান্ত স্থগিত করেন। তবে বেঞ্চের কনিষ্ঠ বিচারপতি মো. ইকবাল কবির দ্বিমত পোষণ করে বেগম খালেদা জিয়ার তিনটি রিট খারিজ করে দেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৪), **সমকাল** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৫)।

**৯। নির্বাচন সুষ্ঠু করতে যা প্রয়োজন তাই করা হবে : ডিএমপি কমিশনার**

শৃঙ্খলাভঙ্গকারী যে দলেরই হোক তাকে ছাড় না দেওয়ার নির্দেশনা দিয়েছেন ডিএমপি কমিশনার আছাদুজ্জামান মিয়া। গতকাল (১১ ডিসেম্বর মঙ্গলবার) ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি) সদরদফতরে আয়োজিত মাসিক অপরাধ সভায় কর্মকর্তাদের তিনি বলেন, জাতীয় নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করতে ঢাকায় যা যা করণীয় সবকিছু করা হবে। অবাধ সুষ্ঠু ভোটের জন্য নির্বাচন কমিশনের নির্দেশনা মেনেই সার্বিক নিরাপত্তাব্যবস্থা গ্রহণ করতে হবে। নির্বাচনি আচরণবিধি লঙ্ঘন করলে কোনো ছাড় দেওয়া যাবে না, তিনি যে দলেরই হোক। কেউ গুজব রটিয়ে সহিংসতার চেষ্টা করলে সঙ্গে সঙ্গে তার বিরুদ্ধে কঠোরব্যবস্থা নিতে হবে। যে কোনো ধরনের নাশকতা রুখতে সদা প্রস্তুত থাকতে হবে। সূত্র-**যুগান্তর** (পৃ.১৭,ক.৮), **সমকাল** (পৃ.৫,ক.৬)।

**১০। বাংলাদেশে সুষ্ঠু ও গ্রহণযোগ্য নির্বাচন দেখতে চায় যুক্তরাষ্ট্র : যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত মিলার**

যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত আর্ল রবার্ট মিলার বলেছেন, বাংলাদেশে সুষ্ঠু, নিরপেক্ষ ও গ্রহণযোগ্য নির্বাচনের প্রত্যাশা করে যুক্তরাষ্ট্র। গতকাল (১১ ডিসেম্বর মঙ্গলবার) প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কে এম নূরুল হুদার সঙ্গে বৈঠকের পর সাংবাদিকদের সঙ্গে আলাপকালে মার্কিন রাষ্ট্রদূত তাঁর দেশের এ অবস্থানের কথা জানান। তিনি বলেন, যুক্তরাষ্ট্র কোনো নির্দিষ্ট দল বা প্রার্থীকে সমর্থন করে না। গণতন্ত্রের প্রক্রিয়াকে সমর্থন করে এবং বাংলাদেশের মানুষের গণতান্ত্রিক মূল্যবোধকে সমর্থন করে। নির্বাচনে শান্তিপূর্ণ প্রচারণার পাশাপাশি সব রাজনৈতিক দলের অবাধ অংশগ্রহণের সুযোগও দেখতে চায় যুক্তরাষ্ট্র। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.১), **সমকাল** (পৃ.২,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** ( শেষ পৃ,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৮)।

**১১। আগামী ২৪ ডিসেম্বর পিইসি, জেএসসি, জেডিসি পরীক্ষার ফল প্রকাশ**

আগামী ২৪ ডিসেম্বর একই দিনে প্রকাশ হচ্ছে অষ্টম ও পঞ্চম শ্রেণীর সমাপনী পরীক্ষার ফল। এছাড়া একই দিন প্রধানমন্ত্রী শেখ হাসিনা নতুন শিক্ষা বর্ষের বিনামূল্যের পাঠ্যবই উৎসবেরও উদ্বোধন করবেন। আগামী ৩০

ডিসেম্বর সংসদ নির্বাচনের কারণে ফল প্রকাশ ও প্রধানমন্ত্রীর বই বিতরণ কর্মসূচির উদ্বোধন অনুষ্ঠান কিছুটা এগিয়ে আনা হয়েছে। প্রাথমিক শিক্ষা অধিদফতরের মহাপরিচালক গতকাল (১১ ডিসেম্বর মঙ্গলবার) পঞ্চম শ্রেণীর প্রাথমিক ও এবতেদায়ি শিক্ষা সমাপনী পরীক্ষার ফল প্রকাশের বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি বলেন, ২৪ তারিখ প্রাথমিক ও এবতেদায়ি শিক্ষা সমাপনীর ফল প্রকাশ করা হবে। একইদিন অষ্টম শ্রেণীর সমাপনীর ফল প্রকাশ করা হবে বলেও জানান তিনি। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.৪), **সংবাদ** (শেষ পৃ,ক.৭)।

**১২। রোহিঙ্গাদের জন্য বাংলাদেশে ইইউ'র ৪৭ কোটি টাকার তহবিল**

বাংলাদেশে আশ্রয় নেওয়া রোহিঙ্গাদের জন্য আরও ৫ মিলিয়ন মার্কিন ডলারের বাড়তি তহবিল পাঠিয়েছে ইউরোপীয় ইউনিয়ন (ইইউ)। বাংলাদেশি মুদ্রায় যার পরিমাণ ৪৭ কোটি টাকার বেশি। মিয়ানমারে জাতিগত নিধনযজ্ঞের মুখে বাংলাদেশে পালিয়ে আসা রোহিঙ্গাদের জীবনরক্ষাকারী খাদ্য সহায়তায় এ অর্থ ব্যয় করা হবে। এর আগে রোহিঙ্গাদের জন্য ৪০ মিলিয়ন মার্কিন ডলারের মানবিক সহায়তার ঘোষণা দিয়েছিল ইউরোপীয় ইউনিয়ন। ইউরোপিয়ান কমিশনের এক প্রেস বিজ্ঞপ্তিতে এ কথা বলা হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৮), **সমকাল** (পৃ.২,ক.৩), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৬)।

**১৩। বাংলাদেশ ব্যাংকের নীতিগত অনুমোদন পেল আরেকটি ব্যাংক**

আরও একটি নতুন ব্যাংক নীতিগত অনুমোদন দিল বাংলাদেশ ব্যাংক। গতকাল (১১ ডিসেম্বর মঙ্গলবার) বাংলাদেশ ব্যাংকের গভর্নর ফজলে কবিরের সভাপতিত্বে পরিচালনাপর্ষদের সভায় 'বেঙ্গল কমার্সিয়াল ব্যাংক' নামে এ ব্যাংকের নীতিগত অনুমোদন দেওয়া হয়। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ইত্তেফাক** (পৃ.২,ক.২)।

**সম্পাদকীয়**

**ক.** **সমকাল :** একাদশ জাতীয় সংসদ নির্বাচনে প্রচার শুরুর দিন থেকেই দেশের বিভিন্ন এলাকা থেকে সংঘাত ও সহিংসতার খবর আসায় উদ্বেগ প্রকাশ করে নির্বাচনকে ঘিরে এ ধরনের সহিংসতার বিরুদ্ধে কঠোর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

**খ.** **ইত্তেফাক :** ইলেক্ট্রনিক ডিভাইসের মাধ্যমে পরীক্ষার হল হতে প্রশ্নপত্র ফাঁসে জড়িত চক্রের সাত সদস্যকে গ্রেফতার করেছে ঢাকা মহানগর গোয়েন্দা সংস্থা (ডিবি) উল্লেখ করে এ ধরনের জালিয়াতি চক্রের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

**গ.** **যায়যায়দিন :** বাল্যবিয়ে রোধে যথাযথ ব্যবস্থা নেওয়ার সুপারিশ ।

**ঘ.** **ভোরের কাগজ :** অযত্ন, অবৈধ দখল, অবহেলা আর উদাসীনতায় মহান মুক্তিযুদ্ধের স্মৃতিবিজড়িত বধ্যভূমিগুলো নিশ্চিহ্ন হতে চলেছে উল্লেখ করে এগুলো সংস্কারের কার্যকর উদ্যোগ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

**ঙ.** **সংবাদ :** দেশের গ্রামাঞ্চলে বায়ুদূষণের নতুন উৎস হয়ে উঠেছে চারকোল কারখানা উল্লেখ করে পরিবেশ দূষণ প্রতিরোধে এসব কারখানাগুলোর বিরুদ্ধে যথাযথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

**চ.** **ইন্ডিপেনডেন্ট :** দেশে তরুণদের দক্ষ করে গড়ে তুলতে কারিগরি শিক্ষার পরিধি বৃদ্ধির ওপর গুরুত্বারোপ।

**ছ.** **অবজারভার :** পরিবেশ সুরক্ষায় অবাধে গাছ না কাটার পরামর্শ।

**উপসম্পাদকীয়**

**সমকাল** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, তরুণদের বেকারত্বের হার কমাতে দেশি-বিদেশি বিনিয়োগ বাড়ানোর পাশাপাশি কর্মসংস্থানের কার্যকর উদ্যোগ নিতে হবে।

**নিবন্ধ ও ফিচার**

**জনকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত **'ভ্যাট সপ্তাহের তাৎপর্য'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, আত্মমর্যাদায় বলীয়ান স্বনির্ভর জাতির চাবিকাঠি হচ্ছে সমৃদ্ধ রাজস্ব ভাণ্ডার।

#

ডালিয়া/ফাহিমা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা